

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bfiu.org.bd](http://www.bfiu.org.bd)

বিএফআইইউ সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৯  
২৭ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রবাসী ব্যক্তি কর্তৃক বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকে হিসাব খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিদেশে অবস্থানরত প্রবাসী ব্যক্তিদের হিসাব খোলার ক্ষেত্রে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংক কর্তৃক অন্যান্য বিষয়ের সাথে যাচিত দলিলাদি বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস হতে সত্যায়নের শর্ত আরোপ করা হয়ে থাকে, যা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের কোনো নির্দেশনায় উল্লেখ নেই।

০২। বাংলাদেশ সরকার কর্তৃক Machine Readable Passport (MRP) ও Electronic Passport (e-Passport) নির্দিষ্ট যাচাই প্রক্রিয়া অবলম্বন করে ইস্যু করা হয় বিধায় বিদেশে অবস্থানরত প্রবাসী ব্যক্তিদের হিসাব খোলার ক্ষেত্রে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংক কর্তৃক যাচিত দলিলাদি সংশ্লিষ্ট দূতাবাস হতে সত্যায়নের আবশ্যিকতা নেই।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রফিকুল ইসলাম)

পরিচালক (বিএফআইইউ)

ফোনঃ ৯৫৩০১৭০